
দৈনিক
ইত্তেফাক

তারিখ ···· 24 MAR 2017
পৃষ্ঠা ··৭··· কলাম ···১··· ······



গৌরীপুর (ময়মনসিংহ): শিক্ষার্থীদের বিক্ষোভের একাংশ —ইত্তেফাক

# গৌরীপুরে এইচএসসি পরীক্ষার্থী হত্যার প্রতিবাদে বিক্ষোভ

## বাড়িঘর যানবাহন ভাংচুর, অগ্নিসংযোগ

■ গৌরীপুর (ময়মনসিংহ) সংবাদদাতা

এইচএসসি পরীক্ষার্থী শাকিল আহমেদ হত্যার প্রতিবাদে বৃহস্পতিবার গৌরীপুর সরকারি কলেজের সর্বস্তরের শিক্ষার্থীরা বিক্ষোভে ফেটে পড়ে। এসময় বিক্ষোভকারীরা ইমন নামে একজনকে আটক করে পুলিশে সোর্পদ করে। এসময় বিক্ষুব্দ শিক্ষার্থীরা ৩টি বাসা ভাংচুর-অগ্নিসংযোগসহ প্রায় ৩০টি যানবাহন ভাংচুর করে।

জানা যায়, গৌরীপুর সরকারি কলেজের ব্যবসায় শিক্ষা শাখার এইচএসসি পরীক্ষার্থী শাকিল আহাম্মেদের ওপর বুধবার বিকেলে শহরের ছয়গন্ডা বাঁশ মহাল এলাকায় কতিপয় সন্ত্রাসীরা অতর্কিতে হামলা চালায় এসময় দুর্বৃত্তরা ইট দিয়ে মাথা থেঁতলে ও বুকে আঘাত করে তাকে মারাত্নকভাবে আহত করে। আহত শাকিলকে প্রথমে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল ও পরে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় বুধবার রাত দেড়টার দিকে তার মৃত্যু হয়। শাকিলের মৃত্যুর খবরে বৃহস্পতিবার কলেজের শিক্ষার্থীদের মাঝে প্রতিবাদের ঝড় ওঠে।

তারা ক্লাস বর্জন করে বিক্ষোভ মিছিল, সমাবেশ ও ইউএনও বরাবর স্মারকলিপি পেশ করে। এসময় বিক্ষুব্দ শিক্ষার্থীরা পৌর শহরের ছয়গন্ডা এলাকায় হিমেল, তমাল পাঠান ও খেলার মাঠ এলাকার মেহেদী হাসান মিথুনের বাসায় ভাংচুর ও অগ্নিসংযোগ করে। এছাড়াও শিক্ষার্থীরা প্রায় ৩০টি মিনি ট্রাক, সিএনজি, অটোরিকসা ভাংচুর করে।

এছাড়া শক্ষার্থীদের বিক্ষোভ মিছিল বের হওয়ার পূর্ব মুর্হূতে হত্যাকাণ্ডে জড়িত কলাবাগানের জুয়েলের পুত্র ইমন সাধারণ ছাত্রছাত্রীদের ভয়ভীতি প্রদর্শন করে আসছিলো বলে বিক্ষোভকারীরা অভিযোগ করেন। ইমন তাদের হুমকি দেওয়ার এক পর্যায়ে বিক্ষুব্দ ছাত্রছাত্রীরা ধাওয়া করে তাকে অধ্যক্ষের কক্ষে আটক করে। এরপর গৌরীপুর থানার ওসি দেলোয়ার আহম্মদের কাছে তাকে হস্তান্তর করা হয়।

ওসি জানান, এ ঘটনায় সকাল থেকেই কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ শুরু করে শত শত শিক্ষার্থীরা। আস্তে আস্তে এই বিক্ষোভের মাত্রা বৃদ্ধি পেয়ে শহরে ছড়িয়ে পড়ে যা সীমিত সংখ্যক পুলিশের মাধ্যমে নিয়ন্ত্রণ করা সম্ভব হয়নি। পরবর্তীতে অতিরিক্ত পুলিশ মোতায়েনের মাধ্যমে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়।

নিহত কলেজ ছাত্র শাকিল গৌরীপুর পৌর শহরের বাসস্ট্যান্ড সংলগ্ন পশ্চিম দাপুনিয়া এলাকার ময়মনসিংহ জেলা পরিষদের কর্মচারী শাহেদুজ্জামানের একমাত্র পুত্র।

কলেজের শিক্ষার্থীরা জানায়, ঘটনার দিন দুপুরে ক্যাম্পাসে বখাটে এক যুবকের সাথে তুচ্ছ বিষয় নিয়ে শাকিলের বাক-বিতন্ডা হয়। পরে ওইদিনই কলেজ থেকে বাড়ি ফেরার পথে শহরের ছয়গন্ডা এলাকায় তার ওপর সশস্ত্র হামলা চালায় সন্ত্রাসীরা।